বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪৮

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজারের বিও অ্যাকাউন্টধারীর সংখ্যা এবং তাদের পোর্টফোলিও মূল্যের তুলনামূলক চিত্র প্রসঙ্গে।**

পুঁজিবাজারে বিনিয়োগকারীর সংখ্যা অথবা বিও হিসাবের সংখ্যা কিংবা বিনিয়োগ কমছে এমন বক্তব্য সাম্প্রতিক সময়ে পরিলক্ষিত হয়েছে। কিন্তু বিষয়টি মূলত সম্পূর্ণ সত্য নয়। মূলত বিগত বছরের তুলনায় পুঁজিবাজারে বৃহৎ বিনিয়োগকারী (৫০ কোটি হতে ৫০০ কোটি টাকা এবং তদুর্ধ্ব পোর্টফোলিও ভ্যালুসম্পন্ন) এর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি বিগত বছরের তুলনায় মাঝারি বিনিয়োগকারী (৫০ লক্ষের উর্ধ্বে ও ৫০ কোটি টাকার নিম্নের পোর্টফোলিও ভ্যালুসম্পন্ন) এর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। একইসাথে বিগত বছরের তুলনায় ক্ষুদ্র বিনিয়োগকারী (১ লক্ষের উর্ধ্বে ও ৫০ লক্ষ টাকার নিম্নের পোর্টফোলিও ভ্যালুসম্পন্ন) এর সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। তবে বিগত বছরের তুলনায় অতি ক্ষুদ্রবিনিয়োগকারী (১ লক্ষ টাকার নিম্নের পোর্টফোলিও ভ্যালুসম্পন্ন) এর সংখ্যা হ্রাস পেয়েছে। অর্থ্যাৎ অতি ক্ষুদ্রবিনিয়োগকারী (১ লক্ষ টাকার নিম্নের পোর্টফোলিও ভ্যালুসম্পন্ন) এর সংখ্যা ব্যতীত অন্য সকল ক্ষেত্রেই উন্নতি হয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নের ছকে তুলে ধরা হল:

| পোর্টফোলিও ভ্যালু (টাকা) | বিও হিসাবের সংখ্যা | |
|---|---|---|
| | ৩০ জুন ২০২৫ | ৩০ জুন ২০২৪ |
| ৫০০ কোটি এবং তার উর্ধ্বে | ৭০ | ৬৮ |
| ১০০ কোটি এবং তার উর্ধ্বে | ৩৪৭ | ৩২৫ |
| ৫০ কোটি এবং তার উর্ধ্বে | ৭৩৩ | ৬৯৬ |
| ১০ কোটি এবং তার উর্ধ্বে | ২৮৯১ | ২৮৯৪ |
| ১ কোটি এবং তার উর্ধ্বে | ১৩,৩১৬ | ১২,৯৯৩ |
| ৫০ লক্ষ এবং তার উর্ধ্বে | ২৪,২২৫ | ২২,৯০৭ |
| ১০ লক্ষ এবং তার উর্ধ্বে | ১০৪,৮৩৩ | ৯৮,৩৭১ |
| ১ লক্ষ এবং তার উর্ধ্বে | ৩৯০,৩৮৫ | ৩৮৯,৫৯৪ |
| ১ লক্ষ এর নিম্নে | ৮৩১,৭৪৮ | ৯১৬,১৫৭ |
| মোট | ১,৩৬৮,৫৪৮ | ১,৪৪৪,০০৫ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৯/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র